দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 21 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম 2

039

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা

# টেস্টে পাস—বোর্ডের পরীক্ষায় ফেলঃ অভিভাবকরা উদ্বিগ্ন

।। খায়রুল আনোয়ার ।।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক—এ উভয় পরীক্ষায় প্রতি বছর দেশের মোট পরীক্ষার্থীর প্রায় অর্ধেক ছাত্রছাত্রীই ফেল করে। চলতি বছরের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় সর্বমোট ৭ লাখ ৫ হাজার ৫৯৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৩ লাখ ৪৯ হাজার ১৮৩ জন ছাত্রছাত্রী পাস করতে পারেনি। কোন কোন বছর অকৃতকার্য পরীক্ষার্থীর হার আরও বেশী হয়।

গত কয়েক বছরের পরীক্ষার ফলাফল বিশ্লেষণ করে বিপুল সংখ্যক ছাত্রছাত্রীর পরীক্ষায় অকৃতকার্য হওয়ার এই তথ্য পাওয়া যায়।

প্রতি বছর বিপুল সংখ্যক ছাত্রছাত্রীর পরীক্ষায় অকৃতকার্যতা অভিভাবক মহলে উদ্বেগ সৃষ্টি করেছে। তাদের প্রশ্ন, নির্বাচনী (টেস্ট) পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরও বিপুল সংখ্যক পরীক্ষার্থীর বোর্ডের ফাইনালে পাস করতে না পারার কারণ কি?

১৯৮১ সালের এসএসসি পরীক্ষায় চারটি শিক্ষা বোর্ড থেকে সর্বমোট ২ লাখ ৩৩ হাজার

(শেষ পৃঃ ১—এর কঃ দঃ)

## টেস্টে পাস

(১ম পৃঃ পর)

৩৪ জন ছাত্রছাত্রী অংশ নেয়। ...র মধ্যে এক লাখ ১১১ জন ...রীক্ষার্থী ফেল করে।

১৯৮৫ সালের এসএসসি পরী...য় মোট পরীক্ষার্থী ছিল ৩ ...াখ ১৯ হাজার ৫৪১ জন। এর ...ধ্যে এক লাখ ৭২ হাজার ৭৬ ...ন পরীক্ষায় পাস করতে পারেনি। ...র বোর্ডের পাসের গড় হার ছিল ...তকরা ৪৬ দশমিক ২৫ ...। ১৯৮৮ সাল অর্থাৎ চলতি বছরে ...টে ৪ লাখ ৮ হাজার ৪৭৬ জন ...ত্রছাত্রী এসএসসি পরীক্ষায় ...বতীর্ণ হয়। এদের মধ্যে পরীক্ষায় কৃতকার্য হয় মাত্র ২ লাখ ২৫ হাজার ৩৮২ জন।

এইচএসসি পরীক্ষাতেও পাস ফেলের চিত্র একই রকম। ১৯৮১ সালের পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল এক লাখ ২২ হাজার ৮৩৭ জন। এর মধ্যে ৫৫ হাজার ৯৩২ জন ছাত্রছাত্রীই পাস করতে পারেনি। ১৯৮৫ সালের পরীক্ষায় অংশ নেয় এক লাখ ৪০ হাজার ২২৭ জন পরীক্ষার্থী। পরীক্ষায় ৮৭ হাজার ৫৩৭ জন ফেল করে।

চলতি বছরে চারটি বোর্ড থেকে ২ লাখ ৯৭ হাজার ১২০ জন পরীক্ষা দিয়েছিল। এক লাখ ৬৬ হাজার ৮৯ জন পাস করতে পারেনি। গত ১০ই নবেম্বর এইচএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়।

একেক বোর্ডের পাসের হার আবার একেক রকম। '৮৮ সালের এইচএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডের পাসের হার ৫৭ দশমিক ৭৫ কুমিল্লা বোর্ডে ৫১ দশমিক ৭০, রাজশাহী বোর্ডে ৩৪ দশমিক ৬২। অপরদিকে, যশোর বোর্ডে ৭১ শতাংশেরও বেশি ছাত্রছাত্রী পরীক্ষায় ফেল করেছে।

উপরে মাত্র কয়েক বছরের এসএসসি এবং এইচএসসি পরীক্ষার পরিসংখ্যানের উল্লেখ করা হলেও পরীক্ষায় অকৃতকার্য ছাত্রছাত্রীর হার প্রায় প্রতি বছরই বিপুল।